

3 (Sem-1) BEN M 1

2 0 1 7

BENGALI

( Major )

Paper : 1.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

- ১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×১০=১০
- (ক) মুকুন্দরাম চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্য অন্য কোন্ নামে  
অধিক পরিচিত?
- (খ) “আজি হইতে হইলে তুমি লঙ্কার রাবণ।”  
এখানে কাকে ‘লঙ্কার রাবণ’ বলা হয়েছে?
- (গ) “শয়ন কুৎসিত বীরের ভোজন \_\_\_\_\_।”  
( শূন্যস্থান পূর্ণ করো )
- (ঘ) কালকেতু কোন্ বনে পশু শিকার করত?
- (ঙ) কালকেতু কোন্ বণিকের কাছে ‘অঙ্গুরি’ ভাঙাতে  
গিয়েছিল?
- (চ) ভারতচন্দ্র কী উপাধি লাভ করেছিলেন?

(ছ) দ্বিতীয় কাশী নির্মাণ করে ব্যাসদেব তার নাম কী রাখতে চেয়েছিলেন ?

(জ) “অলক্ষণা-সুলক্ষণা যে হই সে হই।  
মোর আসিবার পূর্বকালি ধন কই ॥”  
বক্তা কে ?

(ঝ) যে পাটুনী দেবীকে নদী পার করে দিয়েছিল তার নাম কি ?

(ঞ) “একের কপালে রহে আরের কপাল দহে  
আগুনের কপালে আগুন।”

এই অংশটি ‘অন্নদামঙ্গল’ কাব্যের কোন্ পর্বের অন্তর্গত ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :  $২ \times ৫ = ১০$

(ক) “আছিলাম একাকিনী বসিয়া কাননে।  
আনিয়াছে তোর স্বামী বাস্তু নিজ গুণে ॥”

বক্তা কে ? ‘তোর স্বামী’ বলতে কার স্বামীকে নির্দেশ করা হয়েছে ?

(খ) কালকেতু কোথায় নতুন রাজ্য স্থাপন করেছিল এবং কোন্ রাজার সঙ্গে যুদ্ধে লিপ্ত হয়েছিল ?

(গ) ‘অন্নদামঙ্গল’-এ দেবী কার গৃহ ত্যাগ করে কার গৃহাভিমুখে যাত্রা করেছিলেন ?

(ঘ) “মাতঙ্গ পড়িলে দরে পতঙ্গ প্রহার করে।”  
কে, কাকে উদ্দেশ্য করে এই উক্তি করেছিলেন ?

(ঙ) ভাঁড়ুদত্তের পিতা ও পিতামহের নাম কি ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ( যে-কোন দুটি ) :  $৫ \times ২ = ১০$

(ক) কালকেতুর পশু শিকারের একটি সংক্ষিপ্ত বর্ণনা দাও।

(খ) ‘ফুল্লরার বারমাস্যা’ অংশের বক্তব্য ও তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) ব্যাখ্যা করো :

বিষম উদরের জ্বালা মহাবীরে লাগে।

এক চক্ষু নিদ্রা যায় আর চক্ষু জাগে ॥

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ( যে-কোন দুটি ) :  $৫ \times ২ = ১০$

(ক) ‘অন্নদামঙ্গল’ কাব্যের অন্তর্গত ‘বসুন্ধরার জন্ম’ অংশের ঘটনাবলি ব্যক্ত করো।

(খ) ‘অন্নদামঙ্গল’ কাব্যের ‘অন্নদার আত্মপরিচয়’ অংশের কাব্য-বৈশিষ্ট্য আলোচনা করো।

(গ) তোমার পাঠ্য অংশ অবলম্বনে শিবের দক্ষযজ্ঞ নাশের একটি বিবরণ দাও।

৫। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ( যে-কোন দুটি ) :  $১০ \times ২ = ২০$

(ক) ‘পশুগণের ক্রন্দন’ ও ‘চণ্ডীর নিকটে পশুগণের দুঃখ’ অংশ দুটিতে নিপীড়িতের মর্মবেদনা প্রকাশে কবি যে কৃতিত্বের পরিচয় দিয়েছেন তার পরিচয় দাও।

(খ) ‘ফুল্লরা’ চরিত্রটি বিশ্লেষণ করো।

( 4 )

(গ) “মুকুন্দরাম চক্রবর্তীর কাব্যে সাহিত্য সমালোচকেরা উপন্যাসের লক্ষণ খুঁজে পেয়েছেন।” সমালোচকের এ উক্তির সার্থকতা বিচার করো।

(ঘ) মুকুন্দরাম চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের কাব্যগুণ বিশ্লেষণ করো।

৬। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন দুটি) :  $10 \times 2 = 20$

(ক) ‘অন্নদামঙ্গল’ কাব্যের ব্যাসদেব চরিত্রটির বিশেষত্ব বর্ণনা করো।

(খ) ‘অন্নদামঙ্গল’ কাব্যে সমাজজীবনের যে ছবি ফুটে উঠেছে, উদাহরণসহ তার বর্ণনা দাও।

(গ) “কেউ বলেন ভারতচন্দ্র আদীরসের কবি, কেউ বলেন তিনি হাস্যরসের কবি।” এ বিষয়ে তোমার মতামত ব্যক্ত করো।

(ঘ) যুগসন্ধির কাব্য হিসেবে ভারতচন্দ্রের ‘অন্নদামঙ্গল’ কাব্যের একটি পর্যালোচনা প্রস্তুত করো।

★ ★ ★